

# ২৫০০ কোটি লগ্নির লক্ষ্য

নিজস্ব সংবাদদাতা

করোনার ধাক্কায় বিপর্যয় নেমেছে আবাসন ব্যবসাতেও। তবে দ্রুত চাহিদা তৈরি হবে বলে আশাবাদী শিল্পমহল। সেই ভবিষ্যতের কথা মাথায় রেখে আগামী চার বছরে আবাসন আবাসন প্রকল্প গড়তে ২৫০০ কোটি টাকা লগ্নি করার কথা জানাল কলকাতার ইডেন রিয়েলটি।

সম্প্রতি সংস্থার দুই কর্তা আর্ষ সুমন্ত ও কুমার সাত্যকি জানান, ২০২৫ সালের মধ্যে তাঁরা প্রায় এক কোটি বর্গফুটের আবাসন প্রকল্প গড়তে ওই লগ্নি করবেন। এর মধ্যে হাওড়ার শালিমারে 'সোলারিস' প্রকল্পে লগ্নি হবে প্রায় ৪০০ কোটি টাকা। ওই প্রকল্পটি গত বছর চালু হওয়ার কথা থাকলেও করোনার জন্য তা পিছিয়ে গিয়েছিল। এখনও আবাসনের বাজার কার্যত তলানিতেই। তবে তাঁদের দাবি, বর্তমান আর্থ-সামাজিক পরিস্থিতিতে নিজের বাড়ির চাহিদা বাড়বে আমজনতার মধ্যে। বিশেষত বাড়ি থেকে অফিস বা পড়াশোনার মতো কাজ চলার হাত ধরে দ্রুত চাহিদা ফেরার আশা করছেন তাঁরা।

সেই সঙ্গে এক প্রশ্নের জবাবে সংস্থাটির কর্তাদের ইঙ্গিত, গত কয়েক বছর ধরে প্রায় থমকে থাকার পরে ফ্ল্যাটের দাম অদূর ভবিষ্যতে ৫%-১০% বাড়তে পারে। বাজারে স্থিতিশীলতা ফিরলে তবেই নির্মাতারা সেপথে হাটবেন বলেও মত তাঁদের।